

রাজনীতি

আলোচনার মাধ্যমেই 'জুলাই সনদ' চূড়ান্ত হওয়া উচিত: রিজভী

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, 'জুলাই সনদ' অত্যন্ত প্রয়োজনীয়। সরকার ও বিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে আলোচনা করেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো উচিত।

সোমবার (২০ জুলাই) রাজধানীর উত্তরায় আইইউবিএটি বিশ্ববিদ্যালয়ে 'জুলাই স্মৃতি' এবং 'তারুণ্যের স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, জুলাই সনদে যদি আরও কিছু বিষয় সংযোজনের প্রয়োজন হয়, তবে তা আলোচনার মাধ্যমেই করা যেতে পারে। যেসব বিষয় আইনি কাঠামোর আওতায় আনতে হবে, সেগুলো সংসদের মাধ্যমে এবং যেসব বিষয়ে সংবিধান সংশোধন প্রয়োজন, সেগুলো যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করে জুলাই সনদকে প্রতিষ্ঠিত করতে হবে।

তিনি বলেন, 'এসব বিষয়ে টেবিলে বসে আলোচনা করে ঐকমত্যে পৌঁছাতে হবে। কাজগুলো দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।'

বিএনপির এই নেতা আশঙ্কা প্রকাশ করে বলেন, নানা ছিদ্রপথে গণতন্ত্রবিরোধী শক্তির পুনরুত্থান ঘটতে পারে। বিপুল অর্থ ও বিদেশি মদদ পেয়ে তারা আবারও সংগঠিত হওয়ার চেষ্টা করতে পারে। তাই গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা জরুরি।

রুহুল কবির রিজভী বলেন, জুলাই-আগস্টের পরিবর্তনের মধ্য দিয়ে দেশ ভয়ঙ্কর এক দানবীয় পরিস্থিতি থেকে বেরিয়ে এসে অন্তত গণতন্ত্রের কিছুটা আলো দেখতে শুরু করেছে। এখন অন্তত একটি সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হয়েছে। সরকারের সমালোচনা করলেই গুম হতে হবে বা বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হতে হবে এমন পরিস্থিতি এখন আর নেই।

সেমিনারে ঢাকা মহানগর উত্তর বিএনপির সদস্য সচিব মোস্তফা জামান, সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ (মিষ্টি), অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (অ্যাব)-এর নেতা প্রকৌশলী আবু সাঈদ চঞ্চল, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি ডা. জাহিদুল কবির, কেন্দ্রীয় ছাত্রদলের সহসভাপতি ডা. তৌহিদুর রহমান আউয়ালসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুণ বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/alochnar-madhjmei-julai-snd-churant-hoya-uchit-rijbhi>